Daffodil International School
Value, Culture and Innovation

# ড্যাফোডিল ইন্টারন্যাশনাল স্কুল (ইভি)

শ্রেণি - তৃতীয়

অর্ধ বার্ষিক - ২০২৪

গদ্য - আনন্দের দিন

শিক্ষকের নামঃ ফাতেমা নাবিলা

**১।** গদ্যটি রিডিং ও আলোচনা। ( পৃঃ২৬-২৭ )

**২।** শব্দার্থঃ

ক) কেল্লা - দুর্গ
খ) দায়িত্ব - কাজ
গ) নোটবুক - লেখার ছোট খাতা
ঘ) জাদুঘর - ঐতিহাসিক গুরুত্বপূর্ণ জিনিসপত্র প্রদর্শনের স্থান
ঙ) ফটক - সদর দরজা
চ) গম্বুজ - গোলাকার ছাদ
ছ) টিলা - উঁচু জায়গা
জ) মুদ্রা - ধাতুর তৈরি পয়সা

**৩।** বাক্য গঠনঃ

ক) মতামত - তোমার মতামত বলো।
খ) জাদুঘর - আমরা জাদুঘরে যাব।
গ) নোটবুক - আমি কাল নোটবুক নিয়ে আসব।
ঘ) প্রাচীন - লালবাগ কেল্লা একটি প্রাচীন ঐতিহ্য।
ঙ) তালিকা - কে কে ঘুরতে যাবে তালিকা করি।

**৪।** যুক্তবর্ণ দিয়ে শব্দ গঠনঃ

ক) ল্ল - ল+ ল = কেল্লা, উল্লাস
খ) ন্ট- ণ+ ট = ঘন্টা, বন্টন
গ) ম্ব- ম+ ব = লম্বা, গম্বুজ
ঘ) ন্দ- ন+ দ = ছন্দ, আনন্দ
ঙ) ক্ল- ক+ ল = ক্লিপ, ক্লাস
চ) ত্ব - ত+ ব = দায়িত্ব, মাতৃত্ব
ছ) দ্র- দ+র = মুদ্রা, ভদ্র

**৫।** প্রশ্নোত্তরঃ

ক) ক্লাসের সবাই হৈ হৈ করে উঠলো কেন?

উঃ ক্লাসের সবাই আনন্দে হৈ হৈ করে উঠলো।

খ) সবাই মিলে কোথায় যাবে ঠিক করলো?

উঃ সবাই মিলে লালবাগ কেল্লায় যাবে ঠিক করল।

গ) আপা কি কি জিনিস সাথে নিতে বললেন?

উঃ পানি, কলম ও নোটবুক সাথে নিতে বললেন।

ঘ) কাকে সবার নাম লিখে রাখার দায়িত্ব দেওয়া হয়েছিল?

উঃ রাজুকে সবার নাম লিখে রাখার দায়িত্ব দেওয়া হয়েছিল।